গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা-নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০১০.১৮.০০০১.২৬-১১৩

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ২৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : **কারিগরি শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের জন্য কক্ষ বরাদ্দের বিষয়ে মতামত প্রদান।**

সূত্র : মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ১১ জুন ২০২৬ তারিখের ৫৭.২৫.০০০০.০০২.০২.০০২.২৬-১৩৮ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় বিভাগীয় পর্যায়ে ০৮টি আঞ্চলিক অফিসের জন্য ৪০টি পদ সৃজন করা হয়েছে। কিন্তু মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কোন দপ্তর না থাকায় মাদ্রাসা শিক্ষার সার্বিক কার্যক্রম তদারকি, প্রতিষ্ঠানে পরিদর্শন, তদন্ত কার্যক্রম পরিচালনাসহ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, মনিটরিং যথাযথভাবে সম্ভবপর হচ্ছে না। ০৮টি বিভাগীয় কার্যালয় স্থাপন সময় সাপেক্ষ বিধায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ০৮টি আঞ্চলিক কার্যালয়ের প্রতিটিতে অনূন্য ০৩টি করে কক্ষ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের জন্য ব্যবহারের অনুমতি প্রদানের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে পত্র পাওয়া গেছে (কপি সংযুক্ত)। কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক কার্যালয়সমূহে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের চাহিত সংখ্যক কক্ষ বরাদ্দ প্রদানের সুযোগ আছে কি না, এ বিষয়ে আপনার মতামত প্রয়োজন।

০২। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ০৮টি আঞ্চলিক কার্যালয়ের প্রতিটিতে ০৩টি করে কক্ষ ব্যবহারের অনুমতি প্রদানের বিষয়ে জরুরী ভিত্তিতে সংযুক্ত ছক পূরণপূর্বক মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

২৩/৬/২৬
(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

০১। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি অধিদপ্তর, ঢাকা;
০২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি অধিদপ্তর, চট্টগ্রাম;
০৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি অধিদপ্তর, রাজশাহী;
০৪। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি অধিদপ্তর, খুলনা;
০৫। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি অধিদপ্তর, সিলেট;
০৬। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি অধিদপ্তর, ময়মনসিংহ;
০৭। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি অধিদপ্তর, রংপুর;
০৮। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি অধিদপ্তর বরিশাল;

**অনুলিপি:**

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধসহ);
০২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৩। সংরক্ষণ নথি;

D:\Office order-2025-26

## ভৌত অবকাঠামো সংক্রান্ত তথ্য ছক

| ক্রমিক নং | কার্যালয়ের নাম | ভবনের বিবরণ (নির্মাণের সাল, তলা সংখ্যা, প্রতি তলার Floor Space সহ) | মোট কক্ষ সংখ্যা | বর্তমানে ব্যবহৃত হচ্ছে এমন কক্ষের সংখ্যা ও বিবরণ | অব্যবহৃত কক্ষ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

২৫.০৭.২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০২.০০২.২৬- ১৬৮

তারিখ: ০২ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের জন্য কক্ষ বরাদ্দের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: ১। টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৫.১২.০০১.২১-১০; তারিখ: ০৪/০৫/২০২৪খ্রি:
২। টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৩.২৪-৫৪; তারিখ: ২৪/০৫/২০২৪খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় বিভাগীয় পর্যায়ে ০৮ টি আঞ্চলিক অফিসের জন্য ৪০ টি পদ সৃজন করা হয়েছে কিন্তু মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ে কোন দপ্তর না থাকায় মাদ্রাসা শিক্ষার সার্বিক কার্যক্রম তদারকি, প্রতিষ্ঠানে পরিদর্শন, তদন্ত কার্যক্রম পরিচালনাসহ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, মনিটরিং যথাযথভাবে করা সম্ভবপর হচ্ছে না। ৮ টি বিভাগীয় কার্যালয় স্থাপন সময় সাপেক্ষ বিধায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ০৮ টি আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের অনূন্য ৩টি রুম মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের জন্য ব্যবহারের অনুমতি পাওয়া গেলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম শুরু করা সম্ভবপর হবে। এ বিষয়ে ২৪/০৫/২০২৬ তারিখে কারিগরি ও মাদ্রাসা বিভাগে অনুষ্ঠিত সমন্বয় সভায় আলোচনাক্রমে প্রস্তাবটি অনুমোদিত হয়েছে।

২। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৮টি আঞ্চলিক কার্যালয়ের প্রতিটিতে অনূন্য ৩ (তিন)টি কক্ষ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের অনুকূলে বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৫ ফর্দ।

মোঃ উবায়দুল হক
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৫৯

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭

অনুলিপি: প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো
১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) অতিরিক্ত সচিব , (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩) মন্ত্রী একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫৫.১২.০০১.২১-১০

তারিখ : ২১ মাঘ, ১৪৩০ / ০৪ ফেব্রুয়ারি, ২০২৪

প্রাপক: চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

বিষয়ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের বিদ্যমান ৫০টি পদের অতিরিক্ত ০৯টি পদ এবং ০৮টি বিভাগীয় পর্যায়ে আঞ্চলিক অফিস স্থাপনের জন্য ৩৩টি পদসহ মোট ৪২টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন।

আদিষ্ট হয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের বিদ্যমান ৫০টি পদের অতিরিক্ত ০৯টি পদ এবং ০৮টি বিভাগীয় পর্যায়ে আঞ্চলিক অফিস স্থাপনের জন্য ৩৩টি পদসহ মোট ৪২টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো :

(ক) প্রধান কার্যালয়ের পদের বিবরণ:

| ক্র: নং | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| ১. | উপ-পরিচালক | টাঃ ৩৫০০০-৬৭০১০ (গ্রেড-৬) | ০১ (এক) টি | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল-১ এর ০৩ নং- ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২. | প্রোগ্রামার | টাঃ ৩৫০০০-৬৭০১০ (গ্রেড-৬) | ০১ (এক) টি | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-১ এর ১১ নং- ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৩. | সহকারী পরিচালক | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০১ (এক) টি | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল-১ এর ০৪ নং-ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৪. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০৪ (চার) টি | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল-১ এর ১৪ নং-ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৫. | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০২ (দুই) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | মোট= | ০৯ (নয়) টি | |

অ: পৃ: দ্র:/২



Scanned with CamScanner

(খ) আঞ্চলিক কার্যালয়সমূহের পদের বিবরণ:

| ক্র: নং | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০৮ (আট) টি | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল-১ এর ০৪ নং-ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২. | পরিদর্শক | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০১ (এক) টি | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল-১ এর ০৫ নং-ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০৮ (আট) টি | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল-১ এর ১৪ নং-ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৪. | হিসাব সহকারী | টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০৮ (আট) টি | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল-১ এর ১৫ নং-ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৫. | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০৮ (আট) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | উপমোট= | ৩৩ (তেত্রিশ) টি | |
| | | সর্বমোট = | ৪২ (বিয়াল্লিশ) টি | |

শর্তাদি:

(ক) পদ সংরক্ষণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৫/২০০৩ খ্রি: তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ নং-সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করা হবে;

(খ) যে সকল পদ নিয়োগ বিধিতে নেই সে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভূক্ত করা হবে;

(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত সকল শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা হবে;

(ঘ) উল্লিখিত পদসমূহের ব্যয়ভার মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত অর্থ হতে বহন করা হবে; এবং

(ঙ) এ বিষয়ে বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩/০৩/২০২২ তারিখের ০৫.০০.০০০০.২৪৫.১৫.০৫৩.২২-৩৭ স্মারক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা ৩ শাখার ১৭/০৮/২০২২ তারিখের ০৭.১৫৩.০১৫.০২.০০.০৭.২০১১-৭০৩ নং- স্মারক, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-২ শাখার ২৬/০৯/২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৫৭.০২৯.২২-৬১১ ন- স্মারক, মন্ত্রিপরিষদ বিভাগের ২৮/১১/২০২৩ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২৪.২৩.২৫১ স্মারকের সম্মতিক্রমে এবং সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

02/02/2024

(হাছিনা আক্তার)
উপসচিব
ফোন: ৫৫১০১১২৭
ইমেইল: dsmad@tmed.gov.bd

অ: পৃ: দ্র:/৩



Scanned with CamScanner

নং- ৫৭.০০.০০০০.০৫৫.১২.০০১.২১-১০ তারিখ: ২১ মাঘ, ১৪৩০ / ০৪ ফেব্রুয়ারি, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

সিনিয়র সহকারী সচিব (ব্যয় ব্যবস্থাপনা ৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর ০৪ (চার) কপি প্রেরণ করা হলো। ০১ (এক) কপি পৃষ্ঠাঙ্কণ করে চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা এবং ০১ (এক) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪/০২/২০২৪
(হাছিনা আক্তার)
উপসচিব

পত্র নং- ০৭.১৫৫.০২৫.০২.০০.০৭.২০১১-২০৫ তারিখ: ২৭/০২/২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা এবং সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা এর নিকট পৃষ্ঠাঙ্কণপূর্বক প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

২৭/০২/২০২৪
দেবাংশু কুমার সিংহ
সিনিয়র সহকারী সচিব
সিনিয়র সহকারী সচিব (ব্যয় ব্যবস্থাপনা-৩)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নং- ৫৭.০০.০০০০.০৫৫.১২.০০১.২১-২২ তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০ / ০৫ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলী রোড, ঢাকা
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৭। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৮। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৯। অফিস কপি।

০৫/০৩/২০২৪
(হাছিনা আক্তার)
উপসচিব
☎: ৫৫১০১১২৭
ইমেইল: dsmad@tmed.gov.bd



Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

## মে ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

**সভাপতি :** জনাব মো: দাউদ মিয়া এনডিসি
সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

**তারিখ :** ২৪ মে ২০২৬, সময়: সকাল ১০:০০ ঘটিকা

**স্থান :** সভাকক্ষ (কক্ষ নং ১৪১৫, ভবন নং ৬)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত**

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অত:পর সভার আলোচ্যসূচি সভাপতির অনুমতিক্রমে ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

### আলোচ্যসূচি-১: এপ্রিল ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও দৃঢ়ীকরণ। | গত ৩০ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, বিয়োজন বা পরিমার্জন থাকলে আলোচনা করা যেতে পারে। | ৩০ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। | সকল অনুবিভাগ ও দপ্তর/সংস্থা |

### আলোচ্যসূচি-২: ক. শূন্য পদ সংক্রান্ত

| মন্ত্রণালয়/দপ্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ |
|---|---|---|---|
| কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ১৭১ | ১৪৪ | ২৭ |
| কারিগরি শিক্ষা অধিদপ্তর | ২৬৫৮৪ | ১২১৫৬ | ১৪৪২৮ |
| মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ৩০২ | ১৪৬ | ১৫৬ |
| জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) | ১২৪ | ৬৩ | ৬১ |
| বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) | ৫৫ | ৪২ | ১৩ |
| বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড | ১৯৫ | ১১৯ | ৭৬ |
| বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | ২২২ | ১৫৭ | ৬৫ |
| সর্বমোট= | ২৭৬৫৩ | ১২৮২৭ | ১৪৮২৬ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২. | Bangladesh National Qualifications Framework (BNQF) এর খসড়া উপদেষ্টা পরিষদের সিদ্ধান্তের আলোকে চূড়ান্ত করা হয়েছে। | BNQF বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন); যুগ্মসচিব (উন্নয়ন)। |
| ৩. | এ বিভাগের Education Management Information System (EMIS) প্রণয়নের লক্ষ্যে কমিটির আহবায়ক, অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে ইতোমধ্যে দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে। আরও একটি সভার মাধ্যমে EMIS চূড়ান্তকরণ করা হবে। | MIS-সফটওয়্যার প্রণয়নের কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন); যুগ্মসচিব (উন্নয়ন) |
| 8. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরাধীন বকেয়া বেতন সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (মাদ্রাসা) কে আহবায়ক ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে সদস্য সচিব করে ৭ সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি কাম্য ও যোগ্যতা থাকা সত্বেও শুধুমাত্র রাজনৈতিক বিবেচনায় বন্ধ থাকা এমপিওভুক্ত মাদ্রাসার বকেয়া চালুর করার সুপারিশ করেছে। | নীতিমালা ও সংশ্লিষ্ট আইন বিধি অনুসরণপূর্বক বকেয়া বেতন সংক্রান্ত জটিলতা দ্রুত নিরসন করতে হবে। | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; অতিরিক্ত সচিব (মাদ্রাসা); চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। |
| ৫. | সরকারের ১৮০ দিনের কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ মাহমুদ হাসানকে ফোকাল পার্সন হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে। | সকল দপ্তর/সংস্থা থেকে পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তাকে ফোকাল পার্সন হিসেবে মনোনয়নপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান |
| ৬. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কার্যক্রম মাঠ পর্যায়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৮টি আঞ্চলিক কার্যালয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অনুকূলে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ বরাদ্দ করে আঞ্চলিক পর্যায়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অফিস স্থাপন ও পরিচালনা করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। | আঞ্চলিক পর্যায়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অফিস স্থাপনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর; অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৫/২৬

মো: দাউদ মিয়া এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৩.২৪.৫৪

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৪ মে ২০২৬

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা;
৪। যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৫। পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া;



CS CamScanner